

AME/LEP RTHD)
15/02/2019.

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.০৬.০০২.১৮-৬৯৩

তারিখঃ ১৯ বৈশাখ ১৪২৬
০২ মে ২০১৯

বিষয় : ঘূর্ণিঝড় “ফণি” বাংলাদেশ অভিমুখে অগ্রসর হওয়ার প্রেক্ষাপটে এ বিভাগের আওতাধীন সড়ক, মহাসড়ক, সেতু, ফেরি, পল্টুনসমূহের মনিটরিং জোরদারকরণ এবং প্রতিটি সড়ক বিভাগ/সড়ক সার্কেলে স্থাপিত কন্ট্রোল রুমের সাথে যোগাযোগ অব্যাহত রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঘূর্ণিঝড় “ফণি” ০৩ মে ২০১৯ তারিখ সন্ধ্যা নাগাদ খুলনা ও তৎসংলগ্ন বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল এলাকায় আঘাত হানতে পারে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক খুলনা ও তৎসংলগ্ন বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল এলাকায় ০৭ নম্বর বিপদ সংকেত দেখাতে বলা হয়েছে। এ প্রেক্ষাপটে এ বিভাগের আওতাধীন সড়ক, মহাসড়ক, সেতু, ফেরি, পল্টুনসমূহের মনিটরিং জোরদারকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০২. একইসাথে জোনের/সড়ক বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রতিটি সড়ক বিভাগ/সড়ক সার্কেলে স্থাপিত কন্ট্রোল রুমের সাথে নিয়মিত যোগাযোগ রেখে উদ্ভূত পরিস্থিতিতে প্রয়োজনীয় কার্যক্রম ও নির্দেশনা প্রদানসহ সার্বক্ষণিক মনিটরিং করার জন্য অনুরোধ করা হল।

১/৫/২০১৯
(ড. মোঃ কামরুল আহসান)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১৪৮৮৬
ই-মেইলঃ asadmin@rthd.gov.bd

বিতরণঃ

- ০১। সড়ক ও জনপথ অধিদপ্তরের জোনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০২। মনিটরিং টিম প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপিঃ

- ০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।